



## চবিতে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ, পুলিশের লাঠিচার্জ, আটক ৭

প্রকাশিত: ২৩ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

চবি সংবাদদাতা ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়েছে। এ সময় পুলিশ সাত ছাত্রলীগ কর্মীকে আটক করে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে লাঠিচার্জ করে। মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলের সামনে ঘটনার সূত্রপাত হয়।

বিবাদে লিপ্ত গ্রুপ দু'টি হলো প্রয়াত নগর আওয়ামী লীগের সভাপতি মহিউদ্দীন চৌধুরীর অনুসারী সিএফসি গ্রুপ ও সিটি মেয়র আ জ ম নাছিরের অনুসারী সিল্কিট নাইন গ্রুপ। যাদের আটক করা হয়েছে তারা হলো সিএফসি গ্রুপের কর্মী মৃত্তিকা বিজ্ঞান বিভাগের শাকিল, পরিসংখ্যান বিভাগের সাজন, আরবী বিভাগের শাকিল, প্রাণীবিদ্যা বিভাগের আসির উদ্দীন। আহতরা হলো ইংরেজী বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী মেহেদী হাসান ও পালি বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী প্লাটুন চাকমা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইফাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

